# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 02-05-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) মাধ্যমিকের ফল আজ প্রকাশিত হয়েছে। এবছর পাসের হার ৮৬ দশমিক পাঁচ ছয় শতাংশ।

২) বারবার অগ্নিকান্ডের প্রেক্ষাপটে কোনো রুফটপ রেস্তোঁরা চালানো যাবে না বলে কলকাতা পুরসভা জানিয়ে দিয়েছে।

৩) মুম্বাই-এর জি ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে চলছে ওয়েবস্। চারদিনের এই সম্মেলনে বিনোদন জগতের বহু বিশিষ্ট ব্যক্তি অংশ নিচ্ছেন।

৪) প্রবাদ প্রতীম চলচ্চিত্রকার সাহিত্যিক-সুরকার সত্যজিৎ রায়ের ১০৫-তম জন্মদিন আজ যথাযোগ্য মর্যাদার সঙ্গে উদযাপিত হচ্ছে।

৫) মেট্রো রেলের পার্পেল লাইনে ট্রেন পরিষেবা আগামী সোমবার থেকে বাড়ানো হচ্ছে।

oooooooooooooooooooooo

এবছরের মাধ্যমিকে পাসের হার ৮৬ দশমিক পাঁচ ছয় শতাংশ। গতবারের তুলনায় এই হার সামান্য বেড়েছে। আজ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের পর মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় আজ এক সাংবাদিক সম্মেলনে জানান, ছেলেদের তুলনায় মেয়েরা ভালো ফল করেছে। এবার ৭০ দিনের মাথায় ফল প্রকাশ হলো। পাশের হারের দিক থেকে প্রথমে রয়েছে -পূর্ব মেদিনীপুর। তারপর কালিম্পং এবং তৃতীয় স্থানে রয়েছে কলকাতা।

(বাইট – রামানুজ)

মেধা তালিকায় প্রথম ১০ জনের মধ্যে আছে ৬৬ জন। এর মধ্যে ৬৯৬ নম্বর পেয়ে রায়গঞ্জ করোনেশন হাইস্কুলের আদৃত সরকার প্রথম হয়েছে। ৬৯৪ নম্বর পেয়ে দ্বিতীয় স্থানে রয়েছে দুজন - মালদা রামকৃষ্ণ মিশন বিদ্যাভবনের অনুভব বিশ্বাস এবং বাঁকুড়ার বিষ্ণুপুর হাইস্কুলের সৌম্য পাল। তৃতীয় স্থানাধাকারী বাঁকুড়ার কোতুলপুর হাইস্কুলের ছাত্রী ঈশানী চক্রবর্তীর প্রাপ্ত নম্বর ৬৯৩। সেই মেয়েদের মধ্যে সম্ভাব্য প্রথম। চতুর্থ স্হানাধিকারী দুজন- পূর্ব বর্ধমানের মহম্মদ সেলিম ও পূর্ব মেদিনীপুরের সুপ্রতীক মান্না – এরা পেয়েছে ৬৯২ নম্বর করে। পঞ্চম স্থান অধিকার করেছে চারজন। এদের মধ্যে সিঞ্চন নন্দী, চৌধুরী মহম্মদ আসিফ এবং দীপ্তজিৎ ঘোষ হুগলীর পড়ুয়া, অপরজন সোমতীর্থ করণ নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের ছাত্র।

প্রথম স্থানাধিকারী আদৃত তাঁর এই এই ফলাফলে উচ্ছ্বসিত হলেও তা অপ্রত্যাশিত ছিল বলে জানিয়েছে। সাফল্যের জন্য শিক্ষক শিক্ষিকা এবং অভিভাবকদের অবদানের কথা জানিয়েছে আদৃত।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ প্রত্যেক ছাত্রছাত্রীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক্সহ্যান্ডেলের এক বার্তায় তিনি পড়ুয়াদের সাফল্য কামনা করেন। একই সঙ্গে মা-বাবা, পরিবার-পরিজন এবং শিক্ষক-শিক্ষিকাদের অভিনন্দন জানান তিনি।

দ্বিতীয় স্থানাধিকারি মালদার অনুভব বিশ্বাসকে আজ শুভেচ্ছা বার্তা পাঠান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

অন্যদিকে, অষ্টমস্থানে থাকা সৃজন প্রামাণিককে ফোন করে অভিনন্দন জানান, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

oooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলায় বিদ্যালয়ে বে-আইনি নিয়োগ নিয়ে সিআইডি ও রাজ্যের কাছে ফের রিপোর্ট তলব করলেন বিচারপতি বিশ্বজিৎ বসু। ৯ জুনের মধ্যে এই রিপোর্ট জমা দিতে হবে। মামলার পরবর্তী শুনানি ১৩ জুন।

উল্লেখ্য, কর্মশিক্ষার চাকরি প্রার্থী সোমা রায়ের দায়ের করা মামলায় রাজ্যের স্কুলগুলিতে অবৈধভাবে নিযুক্তদের খুঁজে বের করতে যে তিন সদস্যের কমিটি গঠন করেছিল কলকাতা হাইকোর্ট, সেই কমিটি নতুন করে কিছু খুঁজে পেল কিনা তা রিপোর্টে উল্লেখ করার নির্দেশ দিয়েছেন বিচারপতি বসু।

যদিও এদিন রাজ্যের তরফে আইনজীবী বিশ্বব্রত বসু মল্লিক জানান, বে-আইনি ভাবে নিযুক্ত হিসাবে চারজনকে চিহ্নিত করা হয়েছে। এদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তাও রিপোর্টে উল্লেখ করতে হবে।

এদিকে, যোগ্য তালিকায় নাম না থাকা শিক্ষক ও শিক্ষাকর্মীদের সঙ্গে আজ বৈঠকে বসেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বুস।

oooooooooooooooooooo

সাম্প্রতিক সময়ে বেশ কয়েকটি অগ্নিকান্ডের প্রেক্ষিতে শহর কলকাতার কোন ছাদ আটকে রেখে হোটেল, রেস্তোঁরা বা ক্যাফে চালানো যাবে না বলে কলকাতা পুরসভা সিদ্ধান্ত নিয়েছে। পুর ও নগরোন্নয়নমন্ত্রী, কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম, মেছুয়ায় অগ্নিকান্ডে ১৪ জনের প্রাণহানি প্রসঙ্গে সাংবাদিকদের বলেন, কোন ভাবেই হোটেলের সিঁড়ি বা ছাদ আটকানো যাবে না। শহরে যেসব রূফটপ ক্যাফে আছে, তা ভেঙে দেওয়ার জন্য হোটেল মালিকদের বলা হয়েছে। নিজে থেকে এব্যাপারে উদ্যোগ না নিলে পুরসভায়-ই এই কাজ করবে। শীঘ্রই এসংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা হবে বলেও মেয়র জানিয়েছেন।

এদিকে, মেছুয়ায় ঘটনায় ক্ষোভ প্রকাশ করে কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী বলেন,  মেয়র যে দায়িত্ব পালন করছেন না, এই ঘটনা তার প্রমাণ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের সেক্টর ফাইভে একটি বে-সরকারী প্রেসে আজ দুপুরে  আগুন লাগে। সেখানে প্রচুর রাসায়নিক ও দাহ্য পদার্থ মজুত থাকায় আগুন দ্রুত বিধ্বংসী আকার নেয়। শোনা যায় বিস্ফোরণের শব্দ। দমকলের ১০-টি গাড়ি প্রায় আড়াই ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। ক্ষয়ক্ষতির এখনও খবর পাওয়া যায়নি। দমকলমন্ত্রী সুজিত বসু ঘটনাস্থলে যান। ভেতরে কেউ আটকে না থাকায় বড়সড় বিপত্তি এড়ানো গেছে।

এদিকে, শহরে একের পর এক অগ্নিকান্ডের প্রতিবাদে বিজেপি আজ প্রতিবাদ মিছিলের ডাক দেয়। দলের সদর দফতর থেকে জোড়াসাঁকো থানা পর্যন্ত আয়োজিত এই মিছিল পুলিশ আটকে দিলে শুরু হয় বিক্ষোভ। থানার বাইরেও বিক্ষোভ প্রদর্শন করেন দলের নেতা কর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

২০১৯ সালে হাওড়া আদালতে আইনজীবীদের ওপর লাঠি চার্জের ঘটনায় পুলিশ আধিকারিক বিশাল গর্গ, ভাবনা গুপ্তা, ভি এস আর অনন্ত নাগ, গুলাম সারওয়ার, অভিজিৎ ব্যানার্জি, বিপিন তামাং ও রাজর্ষি দত্তের বিরুদ্ধে আদালত অবমাননার  রুল জারি করল কলকাতা হাইকোর্ট। বিচারপতি দেবাংশু বসাক ও বিচারপতি অরিন্দম মুখার্জির ডিভিশন বেঞ্চের নির্দেশ, ২৫ জুন অবমাননাকারী পুলিশ আধিকারিদের আত্মপক্ষ সমর্থনে হলফনামা দিয়ে নিজেদের বক্তব্য জানাতে হবে।

উল্লেখ্য, ২০১৯ সালের ২৪শে এপ্রিল গাড়ি রাখাকে কেন্দ্র করে হাওড়া পুরসভার কর্মী ও আইনজীবীদের মধ্যে তুমুল ঝামেলা হয়। পরে তা সংঘর্ষের রূপ নেয়। আইনজীবীদের অভিযোগ, পরিস্থিতি সামাল দিতে এসে পুলিশ, আদালত চত্বরের ভিতর ঢুকে

আইনজীবীদের উপর নৃশংসভাবে লাঠিচার্জ করে এবং কাঁদানে গ্যাস ছোঁড়ে। এরপরই কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করেন আইনজীবীরা।

OOOOOOOOOOOOOOOOOOOOOO

এবার ওয়েবসের খবর – (মিউজিক)

মুম্বাই-এর জি ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে চলছে ওয়ার্ল্ড অডিও – ভিসুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট ওয়েবস্। চারদিন ব্যাপী এই শীর্ষ সম্মেলনে বিভিন্ন প্রদর্শনী, আলোচনা এবং কর্মশালায় যোগ দিয়েছেন, স্টার্টাপ, শিল্প ক্ষেত্রে অগ্রণী ব্যক্তিত্ব এবং নীতি নির্ধারকরা। ডিজিটাল জমানায় রেডিও-র গুরুত্ব নিয়ে আজ রেডিও Reimagined: Thriving in the Digital Age- শীর্ষক আজ একটি প্যানেল ডিসকাশনে আন্তর্জাতিকস্তরের বিশেষজ্ঞরা মত বিনিময় করেন। আলোচনায় অংশ নিয়ে প্রসারভারতীর প্রাক্তন মুখ্য কার্যনির্বাহী আধিকারিক শশী শেখর ভেম্পতি জানান – রেডিওর জন্য ভারতে সর্ব বৃহৎ বাজার রয়েছে। প্রকৃত অর্থে জন সাধারণের কল্যাণে রেডিও কাজ চালাচ্ছে বলেও উল্লেখ করেন তিনি। এই মাধ্যমের বিকাশে সুসংহত কর্ম পরিকল্পনার প্রয়োজন আছে। সমাজে বিভিন্ন শ্রেণীর মানুষ রেডিও-র একনিষ্ঠ শ্রোতা। শ্রী ভেমপতি জানান, কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত যন্ত্রের পাশাপাশি রেডিওর মতো চিরাচরিত মাধ্যমগুলিতেও টিকে থাকা প্রয়োজন।

OOOOOOOOOOOOOOOOOOOOOOO

ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীন বালিগঞ্জের বিড়লা ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনোলজিকাল মিউজিয়ামের ৬৭তম প্রতিষ্ঠা দিবসে আজ 'লস্ট অ্যাট সি' গ্যালারির উদ্বোধন হয়। সংগঠনের অধিকর্তা শ্রী অর্ণব চট্টোপাধ্যায় জানিয়েছেন সমগ্র গ্যালারির বিষয়বস্তুকে মোট তিনটি ভাগে ভাগ করা হয়েছে। যে সকল সামুদ্রিক জীবের অস্তিত্ব

সংকটের পথে বা যারা ইতিমধ্যে অবলুপ্ত তাদের বিষয়ে নানা তথ্য সহ বর্তমানে গবেষণার মাধ্যমে যে সকল সামুদ্রিক জীবের সন্ধান পাওয়া যাচ্ছে সে সম্পর্কে অবগত করাই এই গ্যালারি তৈরির অন্যতম উদ্দেশ্য।

oooooooooooooooooooooo

প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের ১০৫ তম জন্মদিনে আপামর বাঙালি ও চলচ্চিত্র শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট সকলেই আজ তাঁকে স্মরণ করছেন। গতকাল সত্যজিৎ রায় ফাউন্ডেশন এর উদ্যোগে নন্দন তিন প্রেক্ষাগৃহে প্রদর্শিত হয় তাঁর পরিচালিত অভিযান ছবিটি। আজ বিকেলে দক্ষিণ কলকাতায় সত্যজিৎ রায়ের নামাঙ্কিত একটি তোরোণের উদ্বোধন করেন রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস।

আকাশবাণী সংবাদ এর একটি শ্রদ্ধার্ঘ্য।

(ক্যাপসুল- অভিজিৎ)

ooooooooooooooooooooo

স্বাধীনতা আন্দোলনে অগ্নিযুগের বিপ্লবী শহীদ প্রফুল্ল চাকীর আজ আত্মবলীদান দিবস। দেশের স্বাধীনতা আন্দোলনে সশস্ত্র বিপ্লবে যোগ দিয়েছিলেন তিনি।

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে তাঁকে স্মরণ করা হচ্ছে।

oooooooooooooooooooo

মেট্রো রেলের পার্পেল লাইনে ট্রেন পরিষেবা আগামী সোমবার থেকে বাড়ানো হচ্ছে। ওই দিন থেকে আপ ও ডাউনে ১৮-টির পরিবর্তে ২০ জোড়া ট্রেন যাতায়াত করবে। ৫০ মিনিটের পরিবর্তে ট্রেন চলবে ২২ মিনিট অন্তর। মাঝেরহাট থেকে প্রথম

ট্রেনের সময় খানিকটা এগিয়ে সকাল ৮-টা ২৭ মিনিট করা হলেও জোকা থেকে এই সময় অপরিবর্তিত থাকছে। শেষ ট্রেনের সময়ও বাড়ানো হয়েছে।

oooooooooooooooooooo

শহরাঞ্চলে নিকাশী ও জঞ্জাল ব্যবস্থাপনার মানোন্নয়নে রাজ্য সরকার এবার কর্পোরেট সংস্থাগুলিকে শামিল করার পরিকল্পনা নিয়েছে। আইন অনুযায়ী ৫০০ কোটি টাকার বেশি লেনদেন আছে এমন কর্পোরেট সংস্থাগুলি তাদের সমাজিক দায়বদ্ধতা বা সিএসআর প্রকল্পের আওতায় জনস্বার্থে নানা উন্নয়নমূলক কাজ করে থাকে। এবার এই কাজে জঞ্জাল অপসারণ ও নিকাশি ব্যবস্হাপনাকেও যুক্ত করার কথা ভাবা হচ্ছে। ইতিমধ্যেই উত্তর ২৪ পরগণার পানিহাটি এবং কামারহাটি পুর এলাকাতে নিকাশি পরিকাঠামো উন্নয়নের কাজ হয়েছে।

আগ্রহী কর্পোরেট সংস্থা যাতে এই প্রক্রিয়ায় শামিল হতে পারে, সেজন্য সংশ্লিষ্ট পোর্টালে এধরনের কাজ যুক্ত করা হবে। এব্যপারে সমস্ত পুরসভাকে তাদের মতামত জানাতে বলা হয়েছে।

oooooooooooooooooooo

কোচবিহারের তুফানগঞ্জে ধলপল এলাকায় আজ দুপুরে বজ্রপাতে দুই কিশোরের মৃত্যু হয়েছে। বাড়ির পাশের ক্ষেতে ভুট্টা কাটার সময় রফিক মিঁয়া এবং আসাদ আলি নামে সম্পর্কিত দুই ভাই বজ্রাহত হয়। গুরুতর জখম অবস্হায় তাদের হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসরা মৃত বলে ঘোষণা করেন।

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooo